


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সংসদ শাখা

সভাপতি মো: আব্দুল্লাহ আল মামুন
উপসচিব
সভার তারিখ ১৬/০৩/২০২১
সভার সময় বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান কক্ষ নং-১৭২৪, ডবন-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই অভিযোগ প্রতিকার ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট সেবা গ্রহীতার বিষয়ে আলোচনা করা হয়। সভায় অভিযোগ নিষ্পত্তি কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব জনাব মোহাম্মদ রবিউল ফয়সাল জানান যে, গত জানুয়ারি, ২০২১ মাসে পত্রযোগে এবং অনলাইনে মোট ১টি অভিযোগ পাওয়া যায় জনাব এবিএম দিদারুল ইসলাম, চকরিয়া, কক্সবাজার হতে। যা দাখিল হয় ৩০/১২/২০২০ তারিখে। অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে অনুরোধ জানানো হয়েছে। ফেব্রুয়ারি, ২০২১ মাসে অনলাইন সিস্টেমে কোন অভিযোগ দায়ের হয়নি এবং প্রতি মাসের ১০ তারিখের মধ্যে মাসিক প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে এবং এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে। সভায় উপস্থিত মিস সুমাইয়া মালিয়াত, পিতা: মোহাম্মদ এ রাজ্জাক, মাতা: শাহরিয়া মেহজাবিন, রেজি: ১৫১০৬৫০০৭৮, সেশন: ২০১৮-২০১৯, ক্লাস রোল- ০১৩৫৪, ডারশন-বাংলা, পরীক্ষার্থী- ২০২০, বিএএফ শাহীন কলেজ, কুর্মিটোলা, ঢাকা তার পরীক্ষার প্রবেশপত্র প্রদান না হওয়া ও টিসি'র জটিলতা বিষয়ে আলোচনা করেন। মিস সুমাইয়া মালিয়াতের মাতা এ সময় সভায় উপস্থিত ছিলেন।

পরবর্তীতে সভাপতি মোঃ জাহিদ চৌধুরী, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-কে বিষয়টি তদন্ত করে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। জনাব জাহিদ চৌধুরী ২২/০৩/২০২১ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে অগ্রগতি জানাবেন বলে অবহিত করেন।

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মো: আব্দুল্লাহ আল মামুন 26/03/2021
উপসচিব

নং-৩৭.০০.০০০০.০৮৬.১৬.০০১.২১-৬

তারিখ : ৯ চৈত্র, ১৪২৭
২৩ মার্চ, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিনিয়র সহকারী সচিব, বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উত্তাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।